
# পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক ২০২৩-২০২৪ অর্থবছরে পরিদর্শনকৃত প্রতিষ্ঠানসমূহের প্রতিবেদনের সমন্বয়ে ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর ২০২৩) পরিদর্শন প্রতিবেদন




## পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর

শিক্ষা মন্ত্রণালয়

শিক্ষা ভবন, ২য় ব্লক, ২য় তলা, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।

www.dia.gov.bd ইমেইল: directordia81@gmail.com

প্রকাশক : পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়।

প্রকাশকাল ১৫ জানুয়ারি ২০২৪ খ্রি.।

নির্দেশনা : প্রফেসর অলিউল্লাহ্ মোঃ আজমতগীর
পরিচালক
পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর

সার্বিক তত্ত্বাবধান : বিপুল চন্দ্র সরকার
যুগ্ম-পরিচালক
পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর

সম্পাদনা : ড. রেহেনা খাতুন, উপপরিচালক
মোহাম্মদ মনকিউল হাসানাত, শিক্ষা পরিদর্শক

সহযোগিতা : টুটুল কুমার নাগ, উপপরিচালক
আবুল কালাম আজাদ, উপপরিচালক
ইসমাইল খান, প্রশাসনিক কর্মকর্তা
আবুল কালাম আজাদ, সুপারিনটেনডেন্ট
মোঃ হেমায়েত হোসেন, সুপারিনটেনডেন্ট
মোঃ মোখলেসুর রহমান, সুপারিনটেনডেন্ট
পবনা বেগম, সুপারিনটেনডেন্ট
মোঃ রবিউল আওয়াল, সাটলিপিকার কাম কম্পিউটার অপারেটর
মোঃ আবু হেনা মোস্তফা কামাল, হিসাব সহকারী কাম ক্যাশিয়ার
মোঃ বদিউজ্জামান, অফিস সহকারি কাম কম্পিউটার অপারেটর

স্বত্ব : পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর
মুদ্রণ : পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর।

# সূচিপত্র


| শিরোনাম | পৃষ্ঠা নম্বর |
|---|---|
| মুখবন্ধ | i |
| কৃতজ্ঞতা স্বীকার | ii |
| পটভূমি | ১ |
| প্রতিবেদন প্রণয়ন পদ্ধতি | ২-৩ |
| ফলাফল | ৪-১২ |
| আলোচনা ও সুপারিশ | ১৩-১৪ |
| উপসংহার | ১৫ |
| গ্রন্থপুঞ্জি | ১৬ |

# মুখবন্ধ

বর্তমান সরকার কর্তৃক স্বাধীনতার ঘোষণাপত্র এবং জাতিসংঘ সনদের প্রতিশ্রুতি সামনে রেখে সুখী সমৃদ্ধ সোনার বাংলা গড়ার প্রত্যয়ে ন্যায়ভিত্তিক দুর্নীতিমুক্ত ও শুদ্ধাচারী রাষ্ট্র ও সমাজ প্রতিষ্ঠার নিমিত্ত ২০১২ সালে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করা হয়েছে। এ কৌশলের মূল লক্ষ্য হল, শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা। এ লক্ষ্য বাস্তবায়নে ২০১৮-১৯ অর্থবছরে প্রথমবার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায় বিভিন্ন দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ে সম্পাদিত কাজের বিপরীতে নম্বর প্রদান ও মূল্যায়ন কার্যক্রম শুরু হয়।

২০২৩-২৪ অর্থবছরে মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত নির্দেশনা অনুসরণপূর্বক প্রতিটি দপ্তর/সংস্থার ন্যায় ডিআইএ নিজ কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (২০২৩-২৪) প্রণয়ন ও বাস্তবায়নসহ প্রয়োজনীয় সহায়তা প্রদান করছে।

বর্তমান ২০২৩-২০২৪ অর্থবছরে এ দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এবং শুদ্ধাচার সংশ্লিষ্ট ও দুর্নীতি প্রতিরোধী সহায়ক অন্যান্য কার্যক্রমের আওতায় বিভিন্ন কার্যক্রম নির্ধারণ করা হয়েছে। এর মধ্যে শুদ্ধাচার সংশ্লিষ্ট ও দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রম হিসেবে এ দপ্তর কর্তৃক ২০২৩-২৪ অর্থবছরে সম্পাদিত পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনের ওপর ভিত্তি করে এটি ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর ২০২৩) ত্রৈমাসিক প্রতিবেদন-জানুয়ারি ২০২৪ প্রণয়ন। উল্লেখ্য, ২০২৩-২৪ অর্থবছরে পরিদর্শন ও নিরীক্ষা কার্যক্রমের ওপর ভিত্তি করে ৪টি কোয়ার্টারে ৪টি ত্রৈমাসিক প্রতিবেদন এ দপ্তরে কার্যক্রমের অগ্রগতি নিরূপণ, ফিডব্যাক প্রদান ও করণীয় সম্পর্কে সহায়ক ভূমিকা রাখবে।

প্রতিবেদনটি পরিদর্শিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের আর্থিক ব্যবস্থাপনাসহ সঠিক বিষয়ে বাস্তব চিত্র তুলে ধরতে সক্ষম হবে। তাছাড়া প্রতিষ্ঠান সমূহকে সরকারি নিয়ম-নীতি বিধি-বিধান ও জনবল কাঠামো মোতাবেক পরিচালিত হয়ে মানসম্মত শিক্ষা প্রতিষ্ঠানে পরিণত হতে এবং গুণগত মানসম্পন্ন শিক্ষা কার্যক্রম বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এ ছাড়া উপজেলা/জেলা/আঞ্চলিক/কেন্দ্রীয় পর্যায়ের কার্যালয়ের আর্থিক ব্যবস্থাপনা এবং শুদ্ধাচার সংশ্লিষ্ট ও দুর্নীতি প্রতিরোধে নিজ নিজ করণীয় সম্পর্কে কার্যকর ভূমিকা পালনে সহায়ক হবে।

-----------------

# কৃতজ্ঞতা স্বীকার

পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক ২০২৩-২৪ অর্থবছরে ২য় কোয়ার্টারে (অক্টোবর-ডিসেম্বর ২০২৩) পরিদর্শন কার্যক্রম ও মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে প্রেরিত প্রতিবেদনসমূহের সমন্বয়ে ২য় ত্রৈমাসিক প্রতিবেদনটি প্রণয়ন করতে পেরে আমি/আমরা আনন্দিত।

প্রথমে আন্তরিক ধন্যবাদ ও গভীর কৃতজ্ঞতা জানাই মাননীয় শিক্ষা মন্ত্রী ডা. দীপু মনি এম.পি মহোদয়কে, শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল, সচিব, মাউশি বিভাগ, জনাব সোলেমান খান এবং ড. ফরিদ উদ্দিন আহমদ, সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগকে যাদের দিক নির্দেশনায় এ দপ্তর সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সক্ষম হয়েছে। ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই শিক্ষা মন্ত্রণালয়ের অডিট ও আইন উইং এর যুগ্ম সচিব, উপসচিবসহ সকল কর্মকর্তা/কর্মচারীদের তাঁদের ঐকান্তিক সহযোগিতায় আমাদের আজকের সফলতা। ধন্যবাদ জানাই মাউশি/কারিগরী/মাদ্রাসা অধিদপ্তরসহ সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থা প্রধানদের যাদের প্রত্যক্ষ/পরোক্ষ সহযোগিতা ব্যতীত ডিআইএ এ পরিদর্শন কাজ সম্পন্ন করা দুরূহ হতো।

সাধুবাদ জানাই সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/গভর্নিং বডির সকল সদস্য, উপজেলা/জেলা শিক্ষা কর্মকর্তাগণকে যাদের সহযোগিতায় পরিদর্শন কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা সম্ভব হয়েছে।

ধন্যবাদ জানাই ডিআইএ পরিবারের সকল কর্মকর্তা কর্মচারীকে যাদের প্রতিনিয়ত অক্লান্ত পরিশ্রমের ফলে এ দপ্তর তার নিজস্ব দায়িত্ব/কর্তব্য পালন তথা মাসিক/বার্ষিক লক্ষ্য অর্জনে সক্ষম হয়েছে।

পরিশেষে, ধন্যবাদ জানাই শুদ্ধাচার কৌশল পরিকল্পনার দায়িত্বে যারা রয়েছেন বিশেষ করে নৈতিকতা কমিটির সদস্যগণসহ যে সকল কর্মকর্তা/কর্মচারী এ প্রতিবেদনটি প্রণয়নে শ্রম, মেধা, মনন ও সময় দিয়ে সহায়তা করেছেন।

সকলের সম্মিলিত প্রচেষ্টায় কোয়ার্টার ভিত্তিক প্রতিবেদন সমূহ দপ্তরের বার্ষিক পরিকল্পনার অগ্রগতি স্মারক হিসেবে দপ্তরের সকল কার্যক্রম সফল বাস্তবায়নে ও কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক ভূমিকা পালন করবে।

--------------------

# পটভূমি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন জনগুরুত্বপূর্ণ স্বতন্ত্র একটি অধিদপ্তর পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর। এ অধিদপ্তরের ভিশন ও মিশন-স্বচ্ছ ও জবাবদিহিমূলক মান সম্মত শিক্ষা প্রতিষ্ঠান নিশ্চিতকরণ এবং শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক, প্রশাসনিক, আর্থিক স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ দেশের শিক্ষা প্রতিষ্ঠান সমূহ পরিদর্শন ও নিরীক্ষার মাধ্যমে শিক্ষা ক্ষেত্রে স্বচ্ছতা জবাবদিহিতা নিশ্চিতকরণ, সরকারি নিয়ম-নীতি অনুসরণ, সরকারি অর্থের সদ্ব্যবহার এবং শিক্ষার গুণগতমান মানোন্নয়ন নিশ্চিতকরণের লক্ষ্যে এ দপ্তর বিগত ১৯৮০ খ্রিঃ থেকে দায়িত্ব পালন করছে। ১৯৮০ খ্রিঃ থেকে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় অনুরূপ বেতন-স্কেল চালুকরণের ফলে সরকারের শিক্ষা ক্ষেত্রে আর্থিক ব্যয় কয়েকগুণ বৃদ্ধি পায়। শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষক-কর্মচারীদের বিপরীতে বরাদ্দকৃত ব্যয়িত বিপুল অর্থের সরকার তথা শিক্ষা মন্ত্রণালয় প্রণীত বিধি-বিধান নীতিমালা অনুযায়ী হচ্ছে কিনা এবং শিক্ষা কাঙ্খিত লক্ষ্য/সফলতা অর্জন সম্ভব হচ্ছে কিনা ইত্যাদি বিষয়ে সুষ্ঠু তদারকির নিমিত্ত কাজী আনোয়ারুল হক কমিটি 'পরিদর্শন ও নিয়ন্ত্রণ পরিদপ্তর' প্রতিষ্ঠার সুপারিশ করেন। উক্ত সুপারিশের ভিত্তিতে ব্রিটেনের 'হার ম্যাজিস্ট্রেসি ইন্সপেক্টোরেট অব এডুকেশন' অনুকরণে শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে ০১/১০/১৯৮০ খ্রিঃ পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ পরিদপ্তর প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে সংস্থাপন মন্ত্রণালয়ের ২২/১১/১৯৮৬ খ্রিঃ এর স্মারক নং-সম(বাবাকো)-৬৬/৮৪-৪৪০(৪৫) মোতাবেক নামকরণ হয় 'পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর' যা শিক্ষা মন্ত্রণালয়ের একটি সংযুক্ত অধিদপ্তর। এ দপ্তর কর্তৃক বছরের শুরুতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠান (সাধারণ, কারিগরি ও মাদ্রাসা) পরিদর্শন ও নিরীক্ষার লক্ষ্যমাত্র নির্ধারণ করা হয় এবং সুপারিশসহ পরিদর্শন প্রতিবেদন শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণের লক্ষ্যমাত্রাও নির্ধারণ করা হয়। সে মোতাবেক ২০২৩-২০২৪ অর্থবছরে এ দপ্তরের লক্ষ্যমাত্রা ছিল ২৩০০ শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষা করণ এবং পরিদর্শিত প্রতিষ্ঠান সমূহের ২৩০০ প্রতিবেদন মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানে প্রেরণ।

২০২৩-২০২৪ অর্থবছরের এপিএ এর লক্ষ্যমাত্রা মোতাবেক দপ্তর কর্তৃক ১ম কোয়ার্টার -১৮২টি এবং ২য় কোয়ার্টার ৫২৪টি মোট ৭০৬টি প্রতিষ্ঠানে পরিদর্শন ও নিরীক্ষা কার্যক্রম পরিচালিত হয়। তন্মধ্যে মন্ত্রণালয়/বোর্ড/দুদক এর নির্দেশনা/অনুরোধে ১৯টি তদন্ত কার্য পরিচালিত হয়। এপিএ এর লক্ষ্যমাত্রা মোতাবেক ১ম কোয়ার্টারে ১৮২টি প্রতিবেদন এবং ২য় কোয়ার্টারে ২৯৬টি (৫১.৪৭%) প্রতিবেদন মন্ত্রণালয়ে সুপারিশসহ প্রেরণ করা হয়। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায় পরিদর্শন ও নিরীক্ষার পর্যবেক্ষণ, পর্যালোচনা ও ফিডব্যাক বা সুপারিশ সমন্বিত প্রতিবেদনের উপর ভিত্তি করে প্রতি কোয়ার্টার ভিত্তিক বার্ষিক প্রতিবেদন প্রণয়নের উদ্দেশ্যেই দপ্তরের এই প্রয়াস। এই ত্রৈমাসিক প্রতিবেদনসমূহ শিক্ষা মন্ত্রণালয়, মাউশি/কারিগরী/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, সকল অঞ্চল/জেলা/উপজেলা শিক্ষা কার্যালয়সমূহ কর্তৃক সংশ্লিষ্ট প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে কার্যক্রম বাস্তবায়নের চিত্র উপস্থাপন করবে। ফলে সরকারি নিয়ম-নীতি, বিধি-বিধান মোতাবেক প্রতিটি প্রতিষ্ঠান কার্যালয়/দপ্তর/সংস্থা তথা শিক্ষা মন্ত্রণালয়ের পরবর্তী করণীয় কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়নে সহায়তা করবে।

দেশের সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ব্যয়িত অর্থের সুষ্ঠু ব্যবস্থাপনা, নিয়মনীতি, বিধি-বিধান এর সঠিক ও বাস্তবসম্মত প্রয়োগ এর মাধ্যমে শুদ্ধাচারের আলোকে মানসম্মত শিক্ষা প্রতিষ্ঠান ও গুণগত শিক্ষা নিশ্চিতকরণ সম্ভব হবে।

---------------

# প্রতিবেদন প্রণয়ন পদ্ধতি

পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরটি শুরু থেকে অদ্যাবধি মোট ৫টি বিভাগে বিভক্ত যথা- প্রশাসন ও অর্থ এবং ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী বিভাগীয় শাখা। দপ্তর প্রধান পরিচালক, এছাড়া রয়েছেন একজন যুগ্ম পরিচালক, যিনি সকল শাখার প্রধান। ৪ জন উপপরিচালক, ৪ জন সুপারিনটেনডেন্ট ও একজন প্রশাসনিক কর্মকর্তা, ১২ জন শিক্ষা পরিদর্শক, ১২ জন সহকারী শিক্ষা পরিদর্শক, ৪ জন অডিট অফিসারসহ মোট ১৩০ জন কর্মকর্তা-কর্মচারী কর্মরত। একটি অর্থ বছরের শুরুতে উক্ত বছরের কার্যদিবস অনুযায়ী ৪টি বিভাগীয় শাখার আওতাধীন সাধারণ শিক্ষা (কলেজ, স্কুল ও স্কুল এন্ড কলেজ) এবং কারিগরী ও মাদ্রাসা শিক্ষার শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরিদর্শনের লক্ষ্যমাত্রা নির্ধারণ পূর্বক শিক্ষা মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সাথে এপিএ-এর আওতায় দপ্তর প্রধান এর একটি বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (APA) স্বাক্ষরিত হয়।

বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি মোতাবেক ৪টি শাখার লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিদর্শন ও নিরীক্ষা কার্য সূচি পরিকল্পনা (সরেজমিনে/অটোমেশন সফটওয়্যারের মাধ্যমে) করা হয়। এ বছরে ৭৬টি ট্যুর প্রোগ্রাম করা হয় এবং প্রতিটি প্রোগ্রামে এক বা একাধিক কর্মকর্তা একত্রে তদন্তসহ সপ্তাহে অন্তঃত ১০টি প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শন ও নিরীক্ষা করেন। ৩০ কর্মদিবসের মধ্যে প্রতিবেদন জমা দিতে হয়। অতঃপর যাচাই বাছাইপূর্বক শাখা থেকে প্রতিবেদন নথিতে উপস্থাপিত হলে বিভিন্ন ধরনের সনদ যাচাই (সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সনদ যাচাই এর নিমিত্ত পত্র প্রেরণ করা হয়) পূর্বক প্রতিবেদন উপপরিচালক এবং যুগ্ম পরিচালকের মাধ্যমে পরিচালক কর্তৃক অনুমোদিত হয়। অনুমোদিত প্রতিবেদন এফ/সি সহ মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানে ই-নথিতে প্রেরণ করা হয়। তবে প্রতিষ্ঠানে ই-নথি না থাকলে ইমেইলে তা প্রেরণ করা হয়। প্রতিবেদন প্রেরণের দাপ্তরিক কাজটি সম্পন্ন করার জন্য দপ্তরের সিটিজেন চার্টার মোতাবেক নির্ধারিত লক্ষ্যমাত্রা ৪৫ কার্য দিবস।

**২য় ত্রৈমাসিক পরিদর্শন প্রতিবেদন প্রস্তুত প্রক্রিয়াঃ** পরিচালক মহোদয়ের সভাপতিত্বে ২০২৩-২৪ অর্থবছরের প্রারম্ভে নৈতিকতা কমিটির অনুষ্ঠিত সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায় শুদ্ধাচার কর্মপরিকল্পনা-২০২৩-২৪ প্রস্তুত করা হয় এবং সেখানে সিটিজেন চার্টার মোতাবেক শুদ্ধাচার সংশ্লিষ্ট ও দুর্নীতি প্রতিরোধের সহায়ক কার্যক্রম হিসেবে ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয় এবং শুদ্ধাচার পরিকল্পনার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। প্রতিবেদন প্রস্তুতের জন্য দপ্তরের সকল বিভাগীয় শাখার উপপরিচালক, সুপার, এবং প্রশাসন শাখাকে নির্দেশনা প্রদান করা হয় এবং সম্পাদনার জন্য নৈতিকতা কমিটির কর্মকর্তাদের দায়িত্ব দেয়া হয়। সে মোতাবেক সকল বিভাগীয় শাখা প্রতি মাসে মন্ত্রণালয়ে পরিদর্শন ও নিরীক্ষা সংক্রান্ত 'মাসিক প্রতিবেদন' প্রেরণ করেন তা প্রতিবেদন সম্পাদনা কমিটি সকল শাখা থেকে সংগ্রহ করেন। সংগৃহীত প্রতিবেদন পর্যালোচনা ও বিশ্লেষণপূর্বক সকল তথ্য যাচাই-বাছাই এর মাধ্যমে একটি খসড়া প্রতিবেদন প্রস্তুত করেন। খসড়া প্রতিবেদনটি পরিচালক/যুগ্ম পরিচালক, সকল উপপরিচালক, পরিদর্শন কর্মকর্তা এবং সুপারিনটেনডেন্টদের উপস্থিতিতে উপস্থাপন করেন। তাঁদের পর্যবেক্ষণ, সুচিন্তিত মতামত ও সুপারিশের ভিত্তিতে প্রতিবেদনটি চূড়ান্ত করা হয়।

প্রতিবেদন প্রণয়ন সংক্রান্ত কাজে প্রশাসনসহ প্রতিটি বিভাগীয় শাখার কর্মকর্তা/কর্মচারী যথেষ্ট দায়িত্বশীলতার সাথে সক্রিয় ও আন্তরিক ভূমিকা পালন করেন। ফলে প্রতিবেদনের তথ্যের সঠিকতা বজায় রাখা সম্ভব হয়েছে। গবেষণা প্রতিবেদনে MS Office, ছক, সারণী ইত্যাদি ব্যবহার করা হয়েছে। তবে সময়ের স্বল্পতায় এবং জনবলের স্বল্পতার কারণে প্রতিবেদনটিকে অধিক উৎকর্ষতা সাধন ও দৃষ্টিনন্দন করা সম্ভব হয় নি। তবে পরবর্তীতে এ বিষয়ে দপ্তরের অধিক প্রচেষ্টা অব্যাহত থাকবে।

-------

ফলাফল

## APA এর আওতায় দপ্তরের পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন প্রেরণের লক্ষ্যমাত্রা ২০২৩-২০২৪

সেকশন-২

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| সরকারি বেসরকারি স্কুল পরিদর্শন ও নিরীক্ষার/তদন্তের মাধ্যমে আর্থিক ও প্রশাসনিক অনিয়ম চিহ্নিত করে তা প্রতিকারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হলো। | পরিদর্শিত শিক্ষা প্রতিষ্ঠান | সংখ্যা | ১১১৮ | ১১৮০ | ১২৫০ | ১৩০৫ | ১৩৬০ | পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর এবং শিক্ষা মন্ত্রণালয় | শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষার আদেশ/প্রতিবেদন |
| সরকারি বেসরকারি মাদ্রাসা ও কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষা/তদন্তের মাধ্যমে আর্থিক ও প্রশাসনিক অনিয়ম চিহ্নিত করে তা প্রতিকারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা। | পরিদর্শিত শিক্ষা প্রতিষ্ঠান | সংখ্যা | ৬৬০ | ৬২১ | ৬০০ | ৬৮০ | ৭১০ | পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর এবং শিক্ষা মন্ত্রণালয় | শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষার আদেশ/প্রতিবেদন |
| সরকারি বেসরকারি কলেজ পরিদর্শন ও নিরীক্ষা/তদন্তের মাধ্যমে আর্থিক ও প্রশাসনিক অনিয়ম চিহ্নিত করে তা প্রতিকারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা। | পরিদর্শিত শিক্ষা প্রতিষ্ঠান | সংখ্যা | ২২৪ | ৩০০ | ৩০০ | ৩১৫ | ৩৩০ | পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর এবং শিক্ষা মন্ত্রণালয় | শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষার আদেশ/প্রতিবেদন |
| মোট | | | ২০০২ | ২১০৩ | ২২০০ | ২৩০০ | ২৪০০ | | |

# তথ্য সারণী

## ২০২৩-২০২৪ অর্থ বছরে (২য় কোয়ার্টার) সকল বিভাগ কর্তৃক পরিদর্শিত প্রতিষ্ঠানসমূহের তথ্য সারণী (কলেজ ও বিদ্যালয়)

| বিভাগীয় শাখার নাম | পরিদর্শিত শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য | | | | | মন্ত্রণালয়ে প্রেরিত প্রতিবেদনের সংখ্যা | | | | মোট | জাল সনদ | | আদায়যোগ্য অর্থ (জাল সনদসহ) | বেহাত হওয়া জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কলেজ | | বিদ্যালয় | | | কলেজ | | বিদ্যালয় | | | | | | |
| | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | মোট | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | | সংখ্যা | আদায়যোগ্য অর্থ | | |
| ঢাকা | ২১ | ১ | ৬২ | ৬ | ৯০ | ৯ | ১ | ৪৩ | ৩ | ৫৬ | ৫ | ৪,৪১৭,৮৩০.০০ | ২৯৯,২৩৪,২১৪.৭৫ | ১৫.৮৬ |
| চট্টগ্রাম | ১৭ | ২ | ৫৩ | ১ | ৭৩ | ৮ | ১ | ৩৮ | - | ৪৭ | ১ | ৯২৩,৩০০.০০ | ১৭,০৫৭,২১৭.২২ | ২৬.৮৭ |
| খুলনা | ২০ | ২ | ৫৯ | ৪ | ৮৫ | ৫ | ৩ | ৩৩ | ২ | ৪৩ | ৪ | ৯,৩৫২,৫৪৮.০০ | ১৬,০০৬,২৪৩.০০ | ৭.০৭ |
| রাজশাহী | ২৪ | - | ৬৭ | - | ৯১ | ৬ | ২ | ৫৬ | ২ | ৬৬ | ৬ | ৯,২৭৫,৫৯০.০০ | ৪৫,৪২৩,০১৩.০০ | ১২.৫৪ |
| মোট | ৮২ | ৫ | ২৪১ | ১১ | ৩৩৯ | ২৮ | ৭ | ১৭০ | ৭ | ২১২ | ১৬ | ২৩,৯৬৯,২৬৮.০০ | ৩৭৭,৭২০,৬৮৭.৯৭ | ৬২.৩৪ |

## ২০২৩-২০২৪ অর্থ বছরে (২য় কোয়ার্টার) সকল বিভাগ কর্তৃক পরিদর্শিত প্রতিষ্ঠানসমূহের তথ্য সারণী (কারিগরি ও মাদ্রাসা)

| বিভাগীয় শাখার নাম | পরিদর্শিত শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য | | | | | মন্ত্রণালয়ে প্রেরিত প্রতিবেদনের সংখ্যা | | | | | জাল সনদ | | আদায়যোগ্য অর্থ (জাল সনদসহ) | বেহাত হওয়া জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কারিগরি প্রতিষ্ঠান | | মাদ্রাসা | | মোট | কারিগরি প্রতিষ্ঠান | | মাদ্রাসা | | মোট | | | | |
| | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | | সংখ্যা | আদায়যোগ্য অর্থ | | |
| ঢাকা | ৪ | ১ | ৪০ | - | ৪৫ | - | - | ১৩ | - | ১৩ | ২ | ৩,০৪৯,৪৪৫.০০ | ৫,১১৮,০৬৪.০০ | ৮.১৬ |
| চট্টগ্রাম | - | - | ২৯ | ২ | ৩১ | - | - | ১৫ | ১ | ১৬ | - | - | - | ১.৬৩ |
| খুলনা | - | - | ৫০ | - | ৫০ | - | - | ২২ | - | ২২ | ১ | ১,৯৭৩,০০০.০০ | ৭,৪৯৯,০১৯.০০ | ০.৬২ |
| রাজশাহী | ৩ | - | ৫৬ | - | ৫৯ | ৩ | - | ৩০ | - | ৩৩ | ২ | ৩,৪০১,৭৯০.০০ | ৩৯,৪৯০,১২০.০০ | ১৩.৪৯ |
| মোট | ৭ | ১ | ১৭৫ | ২ | ১৮৫ | ৩ | - | ৮০ | ১ | ৮৪ | ৫ | ৮,৪২৪,২৩৫.০০ | ৫২,১০৭,২০৩.০০ | ২৩.৯০ |

## ২০২৩-২০২৪ অর্থ বছরে (২য় কোয়ার্টার) ঢাকা বিভাগীয় শাখা কর্তৃক পরিদর্শিত (সাধারণ) শিক্ষা প্রতিষ্ঠানসমূহের তথ্য সারণী

| জেলা | পরিদর্শিত শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য | | | | | মন্ত্রণালয়ে প্রেরিত প্রতিবেদনের সংখ্যা | | | | মোট | জাল সনদ | | আদায়যোগ্য অর্থ (জাল সনদসহ) | বেহাত হওয়া জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কলেজ | | বিদ্যালয় | | | কলেজ | | বিদ্যালয় | | | | | | |
| | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | মোট | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | | সংখ্যা | আদায়যোগ্য অর্থ | | |
| ঢাকা | ১ | ১ | - | ১ | ৩ | ৪ | ১ | - | - | ৫ | - | - | ২৫৪,৫৬১,৪১৪.৭৫ | - |
| নারায়ণগঞ্জ | ৫ | - | ১৪ | - | ১৯ | - | - | - | - | - | - | - | - | - |
| মানিকগঞ্জ | - | - | - | - | - | - | - | ১ | - | ১ | - | - | ৩,১২৩,৫৯০.০০ | ০.৪০ |
| গাজীপুর | ২ | - | ৪ | ২ | ৮ | - | - | - | - | - | - | - | - | - |
| জামালপুর | ২ | - | ৩ | - | ৫ | - | - | ৩ | ১ | ৪ | - | - | - | ০.০৮ |
| শেরপুর | ২ | - | ৪ | - | ৬ | - | - | ৬ | - | ৬ | ১ | - | - | ১.১৯ |
| মুন্সীগঞ্জ | ২ | - | ৫ | - | ৭ | ২ | - | ২ | - | ৪ | - | - | - | ০.৭১ |
| টাঙ্গাইল | ২ | - | ৫ | - | ৭ | - | - | ৩ | - | ৩ | - | - | - | ২.০১ |
| নেত্রকোনা | - | - | - | ১ | ১ | - | - | - | - | - | - | - | - | - |
| ময়মনসিংহ | ১ | - | ৩ | ২ | ৬ | - | - | ৭ | ১ | ৮ | ১ | ১,৩১৯,৩৬০.০০ | ২,৭৮৩,৬৯০.০০ | ০.৩৮ |
| নরসিংদী | ১ | - | ৭ | - | ৮ | - | - | - | - | - | - | - | - | - |
| কিশোরগঞ্জ | ২ | - | ৫ | - | ৭ | ১ | - | ৪ | - | ৫ | ১ | ১,৬৫৫,৬৩০.০০ | ২,৪৪৭,২১০.০০ | ৪.৯২ |
| ফরিদপুর | ১ | - | ১২ | - | ১৩ | - | - | ২ | ১ | ৩ | ১ | ১,৪৪২,৮৪০.০০ | ২,৭৩৯,৪৯০.০০ | ০.৭৭ |
| রাজবাড়ী | - | - | - | - | - | ১ | - | ৩ | - | ৪ | ১ | - | ৩১,৬১৩,৬০০.০০ | ০.৫০ |
| মাদারীপুর | - | - | - | - | - | - | - | ৫ | - | ৫ | - | - | - | ০.৫৭ |
| শরীয়তপুর | - | - | - | - | - | ১ | - | ৩ | - | ৪ | - | - | ১,৪৬১,২২০.০০ | ১.১২ |
| গোপালগঞ্জ | - | - | - | - | - | - | - | ৪ | - | ৪ | - | - | ৫০৪,০০০.০০ | ৩.২২ |
| মোট | ২১ | ১ | ৬২ | ৬ | ৯০ | ৯ | ১ | ৪৩ | ৩ | ৫৬ | ৫ | ৪,৪১৭,৮৩০.০০ | ২৯৯,২৩৪,২১৪.৭৫ | ১৫.৮৬ |

## ২০২৩-২০২৪ অর্থ বছরে (২য় কোয়ার্টার) ঢাকা বিভাগীয় শাখা কর্তৃক পরিদর্শিত (কারিগরি ও মাদ্রাসা) শিক্ষা প্রতিষ্ঠানসমূহের তথ্য সারণী

| জেলা | পরিদর্শিত শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য | | | | | মন্ত্রণালয়ে প্রেরিত প্রতিবেদনের সংখ্যা | | | | | জাল সনদ | | আদায়যোগ্য অর্থ (জাল সনদসহ) | বেহাত হওয়া জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কারিগরি প্রতিষ্ঠান | | মাদ্রাসা | | মোট | কারিগরি প্রতিষ্ঠান | | মাদ্রাসা | | মোট | | | | |
| | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | | সংখ্যা | আদায়যোগ্য অর্থ | | |
| ঢাকা | - | - | - | - | - | - | - | ১ | - | ১ | - | - | - | - |
| নারায়ণগঞ্জ | - | - | ১১ | - | ১১ | - | - | - | - | - | - | - | - | - |
| মানিকগঞ্জ | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| গাজীপুর | - | - | ৪ | - | ৪ | - | - | - | - | - | - | - | - | - |
| জামালপুর | ১ | - | ৪ | - | ৫ | - | - | ৩ | - | ৩ | - | - | ১,৩২৩,২৮০.০০ | - |
| শেরপুর | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| মুন্সীগঞ্জ | - | - | ৩ | - | ৩ | - | - | - | - | - | - | - | - | - |
| টাঙ্গাইল | - | - | ৩ | - | ৩ | - | - | ১ | - | ১ | - | - | - | ৩.৮৩ |
| নেত্রকোনা | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ময়মনসিংহ | ১ | - | ৫ | - | ৬ | - | - | ১ | - | ১ | - | - | - | - |
| নরসিংদী | - | ১ | ২ | - | ৩ | - | - | ১ | - | ১ | ১ | ২,৪২৬,৪৪৫.০০ | ২,৪২৬,৪৪৫.০০ | - |
| কিশোরগঞ্জ | - | - | ৩ | - | ৩ | - | - | ২ | - | ২ | ১ | ৬২৩,০০০.০০ | ৬২৩,০০০.০০ | ২.৫২ |
| ফরিদপুর | ২ | - | ৫ | - | ৭ | - | - | ১ | - | ১ | - | - | - | ০.০৯ |
| রাজবাড়ী | - | - | - | - | - | - | - | ১ | - | ১ | - | - | ১৪২,৪৮৬.০০ | - |
| মাদারীপুর | - | - | - | - | - | - | - | ১ | - | ১ | - | - | ৬০২,৮৫৩.০০ | - |
| শরীয়তপুর | - | - | - | - | - | - | - | ১ | - | ১ | - | - | - | ১.৭২ |
| গোপালগঞ্জ | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| মোট | ৪ | ১ | ৪০ | - | ৪৫ | - | - | ১৩ | - | ১৩ | ২ | ৩,০৪৯,৪৪৫.০০ | ৫,১১৮,০৬৪.০০ | ৮.১৬১৩ |

## ২০২৩-২০২৪ অর্থ বছরে (২য় কোয়ার্টার) চট্টগ্রাম বিভাগীয় শাখা কর্তৃক পরিদর্শিত (সাধারণ) শিক্ষা প্রতিষ্ঠানসমূহের তথ্য সারণী

| জেলা | পরিদর্শিত শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য | | | | | মন্ত্রণালয়ে প্রেরিত প্রতিবেদনের সংখ্যা | | | | মোট | জাল সনদ | | আদায়যোগ্য অর্থ (জাল সনদসহ) | বেহাত হওয়া জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কলেজ | | বিদ্যালয় | | | কলেজ | | বিদ্যালয় | | | | | | |
| | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | মোট | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | | সংখ্যা | আদায়যোগ্য অর্থ | | |
| চট্টগ্রাম | ৭ | ১ | ১৫ | - | ২৩ | ৪ | - | ১০ | - | ১৪ | - | - | ৫,৫১৫,৯১৯.২২ | ৮.০৭ |
| রাঙ্গামাটি | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| খাগড়াছড়ি | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| কক্সবাজার | - | ১ | - | ১ | ২ | - | - | ২ | - | ২ | - | - | - | - |
| বান্দরবান | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| নোয়াখালী | ১ | - | ৬ | - | ৭ | - | - | ৫ | - | ৫ | - | - | - | ১০.৪১ |
| ফেনী | - | - | - | - | - | - | - | ১ | - | ১ | - | - | - | ৪.৪৫ |
| লক্ষীপুর | ১ | - | ৫ | - | ৬ | - | - | ২ | - | ২ | - | - | ১০,০৪৮,৯০৮.০০ | - |
| কুমিল্লা | ৩ | - | ১১ | - | ১৪ | - | - | ৪ | - | ৪ | ১ | ৯২৩,৩০০.০০ | ৯২৩,৩০০.০০ | ১.৭৯ |
| চাঁদপুর | - | - | ৪ | - | ৪ | - | - | ২ | - | ২ | - | - | - | ০.২৮ |
| ব্রাহ্মণবাড়িয়া | ৩ | - | ৭ | - | ১০ | ২ | - | ১ | - | ৩ | - | - | - | - |
| সিলেট | ২ | - | ৫ | - | ৭ | - | - | ৪ | - | ৪ | - | - | ৫৬৯,০৯০.০০ | ১.২৩ |
| হবিগঞ্জ | - | - | - | - | - | - | - | ২ | - | ২ | - | - | - | - |
| মৌলভীবাজার | - | - | - | - | - | ২ | - | ৫ | - | ৭ | - | - | - | ০.৬৫ |
| সুনামগঞ্জ | - | - | - | - | - | - | ১ | - | - | ১ | - | - | - | - |
| মোট | ১৭ | ২ | ৫৩ | ১ | ৭৩ | ৮ | ১ | ৩৮ | - | ৪৭ | ১ | ৯২৩,৩০০.০০ | ১৭,০৫৭,২১৭.২২ | ২৬.৮৭৩৭ |

## ২০২৩-২০২৪ অর্থ বছরে (২য় কোয়ার্টার) চট্টগ্রাম বিভাগীয় শাখা কর্তৃক পরিদর্শিত (কারিগরি ও মাদ্রাসা) শিক্ষা প্রতিষ্ঠানসমূহের তথ্য সারণী

| জেলা | পরিদর্শিত শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য | | | | | মন্ত্রণালয়ে প্রেরিত প্রতিবেদনের সংখ্যা | | | | | জাল সনদ | | আদায়যোগ্য অর্থ (জাল সনদসহ) | বেহাত হওয়া জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কারিগরি প্রতিষ্ঠান | | মাদ্রাসা | | মোট | কারিগরি প্রতিষ্ঠান | | মাদ্রাসা | | মোট | | | | |
| | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | | সংখ্যা | আদায়যোগ্য অর্থ | | |
| চট্টগ্রাম | - | - | ১৩ | - | ১৩ | - | - | ২ | - | ২ | - | - | - | ০.৫৪ |
| রাঙ্গামাটি | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| খাগড়াছড়ি | - | - | - | - | - | - | - | ১ | - | ১ | - | - | - | - |
| কক্সবাজার | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| বান্দরবান | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| নোয়াখালী | - | - | ৩ | - | ৩ | - | - | ১ | - | ১ | - | - | - | - |
| ফেনী | - | - | - | - | - | - | - | ৩ | - | ৩ | - | - | - | - |
| লক্ষীপুর | - | - | ৪ | - | ৪ | - | - | ১ | - | ১ | - | - | - | - |
| কুমিল্লা | - | - | ৬ | - | ৬ | - | - | ১ | - | ১ | - | - | - | ০.৭৫ |
| চাঁদপুর | - | - | - | ২ | ২ | - | - | ১ | ১ | ২ | - | - | - | - |
| ব্রাহ্মণবাড়িয়া | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| সিলেট | - | - | ৩ | - | ৩ | - | - | ২ | - | ২ | - | - | - | ০.১৯ |
| হবিগঞ্জ | - | - | - | - | - | - | - | ২ | - | ২ | - | - | - | ০.১৫ |
| মৌলভীবাজার | - | - | - | - | - | - | - | ১ | - | ১ | - | - | - | - |
| সুনামগঞ্জ | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| মোট | - | - | ২৯ | ২ | ৩১ | - | - | ১৫ | ১ | ১৬ | ০ | - | - | ১.৬২৫০ |

## ২০২৩-২০২৪ অর্থ বছরে (২য় কোয়ার্টার) খুলনা বিভাগীয় শাখা কর্তৃক পরিদর্শিত (সাধারণ) শিক্ষা প্রতিষ্ঠানসমূহের তথ্য সারণী

| জেলা | পরিদর্শিত শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য | | | | | মন্ত্রণালয়ে প্রেরিত প্রতিবেদনের সংখ্যা | | | | মোট | জাল সনদ | | আদায়যোগ্য অর্থ (জাল সনদসহ) | বেহাত হওয়া জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কলেজ | | বিদ্যালয় | | | কলেজ | | বিদ্যালয় | | | | | | |
| | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | মোট | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | | সংখ্যা | আদায়যোগ্য অর্থ | | |
| সাতক্ষীরা | ৪ | - | ৭ | - | ১১ | - | - | - | ১ | ১ | - | - | - | - |
| যশোর | ২ | - | ৪ | - | ৬ | - | - | ২ | - | ২ | ১ | ২,৮৪৪,৫৯২.০০ | ২,৮৪৪,৫৯২.০০ | ০.৫০ |
| ঝিনাইদহ | ৪ | - | ১০ | - | ১৪ | ১ | ২ | - | - | ৩ | ২ | ৪,৯৮৮,১৫৬.০০ | ৮,৮৮৫,২৫৬.০০ | - |
| কুষ্টিয়া | - | - | - | ৪ | ৪ | ১ | - | ৪ | - | ৫ | ১ | ১,৫১৯,৮০০.০০ | ১,৫১৯,৮০০.০০ | ১.৩৯ |
| চুয়াডাঙ্গা | - | - | - | - | - | - | - | ১ | - | ১ | - | - | ১৫০,৮৯৫.০০ | - |
| মাগুরা | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| মেহেরপুর | - | - | - | - | - | - | - | ৩ | - | ৩ | - | - | - | ০.৩৫ |
| খুলনা | ১ | ১ | ১০ | - | ১২ | ১ | - | ৪ | - | ৫ | - | - | ২,৬০৫,৭০০.০০ | ২.১৫ |
| বরগুনা | ২ | - | ৩ | - | ৫ | - | - | ২ | - | ২ | - | - | - | - |
| বরিশাল | ১ | - | ৫ | - | ৬ | - | - | - | ১ | ১ | - | - | - | - |
| ঝালকাঠি | ১ | ১ | ৫ | - | ৭ | - | - | ৬ | - | ৬ | - | - | - | - |
| পটুয়াখালী | ৩ | - | ৫ | - | ৮ | - | ১ | ১ | - | ২ | - | - | - | - |
| ভোলা | ১ | - | ৬ | - | ৭ | ২ | - | ২ | - | ৪ | - | - | - | - |
| বাগেরহাট | ১ | - | ৪ | - | ৫ | - | - | ৩ | - | ৩ | - | - | - | ০.০৬ |
| পিরোজপুর | - | - | - | - | - | - | - | ৩ | - | ৩ | - | - | - | ০.২৪ |
| নড়াইল | - | - | - | - | - | - | - | ২ | - | ২ | - | - | - | ২.৩৯ |
| মোট | ২০ | ২ | ৫৯ | ৪ | ৮৫ | ৫ | ৩ | ৩৩ | ২ | ৪৩ | ৪ | ৯,৩৫২,৫৪৮.০০ | ১৬,০০৬,২৪৩.০০ | ৭.০৬৮১ |

২০২৩-২০২৪ অর্থ বছরে (২য় কোয়ার্টার) খুলনা বিভাগীয় শাখা কর্তৃক পরিদর্শিত (কারিগরি ও মাদ্রাসা) শিক্ষা প্রতিষ্ঠানসমূহের তথ্য সারণী

| জেলা | পরিদর্শিত শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য | | | | | মন্ত্রণালয়ে প্রেরিত প্রতিবেদনের সংখ্যা | | | | | জাল সনদ | | আদায়যোগ্য অর্থ (জাল সনদসহ) | বেহাত হওয়া জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কারিগরি প্রতিষ্ঠান | | মাদ্রাসা | | মোট | কারিগরি প্রতিষ্ঠান | | মাদ্রাসা | | মোট | | | | |
| | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | | সংখ্যা | আদায়যোগ্য অর্থ | | |
| সাতক্ষীরা | - | - | ৯ | - | ৯ | - | - | ১ | - | ১ | - | - | - | - |
| যশোর | - | - | ৪ | - | ৪ | - | - | ২ | - | ২ | - | - | - | - |
| ঝিনাইদহ | - | - | ৬ | - | ৬ | - | - | - | - | - | - | - | - | - |
| কুষ্টিয়া | - | - | - | - | - | - | - | ১ | - | ১ | - | - | ৫১,২৭০.০০ | - |
| চুয়াডাঙ্গা | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| মাগুরা | - | - | - | - | - | - | - | ১ | - | ১ | - | - | - | - |
| মেহেরপুর | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| খুলনা | - | - | ৯ | - | ৯ | - | - | ৪ | - | ৪ | ১ | ১,৯৭৩,০০০.০০ | ৭,৪৩৯,৪৪৬.০০ | ০.২৬ |
| বরগুনা | - | - | ৫ | - | ৫ | - | - | ১ | - | ১ | - | - | - | - |
| বরিশাল | - | - | ৪ | - | ৪ | - | - | ১ | - | ১ | - | - | - | - |
| ঝালকাঠি | - | - | ৩ | - | ৩ | - | - | ৮ | - | ৮ | - | - | ৮,৩০৩.০০ | ০.৩৬ |
| পটুয়াখালী | - | - | ২ | - | ২ | - | - | - | - | - | - | - | - | - |
| ভোলা | - | - | ৩ | - | ৩ | - | - | ২ | - | ২ | - | - | - | - |
| বাগেরহাট | - | - | ৫ | - | ৫ | - | - | ১ | - | ১ | - | - | - | - |
| পিরোজপুর | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| নড়াইল | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| মোট | - | - | ৫০ | - | ৫০ | - | - | ২২ | - | ২২ | ১ | ১,৯৭৩,০০০.০০ | ৭,৪৯৯,০১৯.০০ | ০.৬১৬৯ |

## ২০২৩-২০২৪ অর্থ বছরে (২য় কোয়ার্টার) রাজশাহী বিভাগীয় শাখা কর্তৃক পরিদর্শিত (সাধারণ) শিক্ষা প্রতিষ্ঠানসমূহের তথ্য সারণী

| জেলা | পরিদর্শিত শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য | | | | | মন্ত্রণালয়ে প্রেরিত প্রতিবেদনের সংখ্যা | | | | মোট | জাল সনদ | | আদায়যোগ্য অর্থ (জাল সনদসহ) | বেহাত হওয়া জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কলেজ | | বিদ্যালয় | | | কলেজ | | বিদ্যালয় | | | | | | |
| | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | মোট | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | | সংখ্যা | আদায়যোগ্য অর্থ | | |
| রাজশাহী | ১ | - | ৫ | - | ৬ | - | - | ৬ | - | ৬ | - | - | - | - |
| নওগাঁ | ৩ | - | ৯ | - | ১২ | - | - | ১ | - | ১ | - | - | - | ৬.৬৮ |
| নাটোর | ৭ | - | ৬ | - | ১৩ | - | - | - | - | - | - | - | - | - |
| পাবনা | - | - | - | - | - | ১ | ১ | ৭ | - | ৯ | ২ | ৩,৬৮৯,৬৯৫.০০ | ৩,৬৮৯,৬৯৫.০০ | ১.৭৯ |
| সিরাজগঞ্জ | ১ | - | ৭ | - | ৮ | - | - | ৩ | - | ৩ | - | - | ১২,০০০.০০ | - |
| বগুড়া | ১ | - | ৩ | - | ৪ | - | - | ৫ | - | ৫ | ১ | ২,৭৮৯,৫৬৫.০০ | ৬,০১৪,৮২৭.০০ | - |
| জয়পুরহাট | - | - | - | - | - | - | - | ২ | - | ২ | - | - | - | - |
| দিনাজপুর | ৩ | - | ১০ | - | ১৩ | - | - | ৪ | - | ৪ | - | - | ২৫৮,৪২০.০০ | ১.৬৬ |
| ঠাকুরগাঁও | ২ | - | ৮ | - | ১০ | - | - | ৫ | - | ৫ | - | - | ১,৫০১,১১২.০০ | ১.৭৮ |
| রংপুর | - | - | - | - | - | - | ১ | ১ | ১ | ৩ | - | - | ১,৬৭৩,৬৫৮.০০ | ০.২৬ |
| লালমনিরহাট | ২ | - | ৪ | - | ৬ | - | - | - | - | - | - | - | - | - |
| গাইবান্ধা | - | - | - | - | - | ১ | - | ৬ | - | ৭ | ১ | ১,৬০০,৩১০.০০ | ১৯,৩১৬,৩৯৬.০০ | ০.৩৭ |
| কুড়িগ্রাম | ১ | - | ৫ | - | ৬ | ১ | - | ৭ | ১ | ৯ | - | - | ১,৮৫০,০২০.০০ | - |
| নীলফামারী | ২ | - | ৪ | - | ৬ | ১ | - | ৬ | - | ৭ | ২ | ১,১৯৬,০২০.০০ | ১১,১০৬,৮৮৫.০০ | - |
| পঞ্চগড় | ১ | - | ৬ | - | ৭ | - | - | - | - | - | - | - | - | - |
| চাঁপাইনবাবগঞ্জ | - | - | - | - | - | ২ | - | ৩ | - | ৫ | - | - | - | - |
| **মোট** | ২৪ | - | ৬৭ | - | ৯১ | ৬ | ২ | ৫৬ | ২ | ৬৬ | ৬ | ৯,২৭৫,৫৯০.০০ | ৪৫,৪২৩,০১৩.০০ | ১২.৫৪ |

## ২০২৩-২০২৪ অর্থ বছরে (২য় কোয়ার্টার) রাজশাহী বিভাগীয় শাখা কর্তৃক পরিদর্শিত (কারিগরি ও মাদ্রাসা) শিক্ষা প্রতিষ্ঠানসমূহের তথ্য সারণী

| জেলা | পরিদর্শিত শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য | | | | | মন্ত্রণালয়ে প্রেরিত প্রতিবেদনের সংখ্যা | | | | | জাল সনদ | | আদায়যোগ্য অর্থ (জাল সনদসহ) | বেহাত হওয়া জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কারিগরি প্রতিষ্ঠান | | মাদ্রাসা | | মোট | কারিগরি প্রতিষ্ঠান | | মাদ্রাসা | | মোট | | | | |
| | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | | সাধারণ | তদন্ত | সাধারণ | তদন্ত | | সংখ্যা | আদায়যোগ্য অর্থ | | |
| রাজশাহী | - | - | ৪ | - | ৪ | - | - | - | - | - | - | - | - | - |
| নওগাঁ | - | - | ৮ | - | ৮ | - | - | ২ | - | ২ | - | - | - | ০.০১ |
| নাটোর | - | - | ৭ | - | ৭ | - | - | - | - | - | - | - | - | - |
| পাবনা | - | - | - | - | - | - | - | ৬ | - | ৬ | ১ | ১,৭২৮,৪১৫.০০ | ১,৭২৮,৪১৫.০০ | ১.২৪ |
| সিরাজগঞ্জ | - | - | ২ | - | ২ | ১ | - | ৩ | - | ৪ | - | - | ১১১,০৬০.০০ | - |
| বগুড়া | ২ | - | ৪ | - | ৬ | - | - | ৩ | - | ৩ | ১ | ১,৬৭৩,৩৭৫.০০ | ১,৬৭৩,৩৭৫.০০ | - |
| জয়পুরহাট | - | - | - | - | - | - | - | ২ | - | ২ | - | - | - | - |
| দিনাজপুর | - | - | ৭ | - | ৭ | - | - | ১ | - | ১ | - | - | - | ৩.২১ |
| ঠাকুরগাঁও | ১ | - | ৯ | - | ১০ | - | - | - | - | - | - | - | - | - |
| রংপুর | - | - | - | - | - | - | - | ১ | - | ১ | - | - | - | - |
| লালমনিরহাট | - | - | ৪ | - | ৪ | - | - | ১ | - | ১ | - | - | ৩৩৬,০০০.০০ | - |
| গাইবান্ধা | - | - | - | - | - | - | - | ১ | - | ১ | - | - | ৩০,৭৩৪,৬৭৫.০০ | ৫.৯৮ |
| কুড়িগ্রাম | - | - | ৪ | - | ৪ | - | - | ৪ | - | ৪ | - | - | ৪০,৫৮৫.০০ | ০.৯৪ |
| নীলফামারী | - | - | ৪ | - | ৪ | - | - | ৩ | - | ৩ | - | - | - | - |
| পঞ্চগড় | - | - | ৩ | - | ৩ | - | - | - | - | - | - | - | - | - |
| চাঁপাইনবাবগঞ্জ | - | - | - | - | - | ২ | - | ৩ | - | ৫ | - | - | ৪,৮৬৬,০১০.০০ | ২.১২ |
| মোট | ৩ | - | ৫৬ | - | ৫৯ | ৩ | - | ৩০ | - | ৩৩ | ২ | ৩,৪০১,৭৯০.০০ | ৩৯,৪৯০,১২০.০০ | ১৩.৪৯৩০ |

# আলোচনা ও সুপারিশ

২০২৩-২০২৪ অর্থবছরে দপ্তরের APA-এর চুক্তি মোতাবেক মোট ২৩০০টি প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষা এবং পূর্বের বছরসহ এ অর্থবছরে পরিদর্শিত প্রতিষ্ঠান সমূহের মোট ২১০০টি প্রতিবেদন মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানে প্রেরণের লক্ষ্যমাত্রা নির্ধারিত । বাস্তবায়িত তথ্যের ভিত্তিতে দেখা যায় দ্বিতীয় ত্রৈমাসিকে মোট ৫২৪টি (৯১.১৩%) প্রতিষ্ঠান তদন্তসহ পরিদর্শন ও নিরীক্ষা করা হয়। তবে তদন্তসহ সাধারণ পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করা হয় ২৯৬টি (৫১.৪৭%)। পরিদর্শনকৃত প্রতিষ্ঠানসমূহের মধ্যে রয়েছে স্কুল/কলেজ/স্কুল এন্ড কলেজ মোট ৩৩৯টি এবং কারিগরী ও মাদ্রাসা মোট ১৮৫টি।

**সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল/কলেজ/স্কুল এন্ড কলেজ) তথ্য:** ২০২৩-২৪ অর্থ বছরে দ্বিতীয় ত্রৈমাসিকে প্রেরিত স্কুল/কলেজ/স্কুল এন্ড কলেজের মোট ২১২ টি প্রতিবেদনের মধ্যে ঢাকা বিভাগীয় শাখার ৫৬টি, খুলনা বিভাগীয় শাখার ৪৩টি, রাজশাহী বিভাগীয় শাখার ৬৬টি এবং চট্টগ্রাম বিভাগীয় শাখার ৪৩টি প্রতিবেদন প্রেরণ করা হয়।
জাল সনদ ও আদায়যোগ্য অর্থ সংক্রান্ত তথ্য-

প্রেরিত প্রতিবেদন সমূহে ১৬টি জাল সনদ এবং জাল সনদের বিপরীতে আদায়যোগ্য অর্থের পরিমাণ ২,৩৯,৬৯,২৬৮/- (দুই কোটি উনচল্লিশ লক্ষ উনসত্তর হাজার দুইশত আটষট্টি টাকা মাত্র)। অবৈধ নিয়োগ, প্রাপ্যতার অতিরিক্ত উত্তোলন, প্রাপ্য স্কেলে বেতন গ্রহণ না করা, তথ্য-গোপন করে বেতন উত্তোলন এবং জাল সনদসহ মোট আদায়যোগ্য অর্থের পরিমাণ ৩৭,৭৭,২০,৬৮৭.৯৭ (সাইত্রিশ কোটি সাতাত্তর লক্ষ বিশ হাজার ছয়শত সাতাশি টাকা সাতানব্বই পয়সা মাত্র) টাকা মাত্র যা চালান এর মাধ্যমে সরকারি কোষাগারে ফেরতের সুপারিশ করা হয়েছে এবং অভিযুক্ত শিক্ষক/কর্মচারীর বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়েছে।

**জমি সংক্রান্ত তথ্য:**

উল্লিখিত প্রতিবেদনসমূহে পরিদর্শিত ২১২ টি প্রতিষ্ঠানের মোট বেহাত হওয়া জমির পরিমাণ ৬২.৩৪ একর। প্রতিবেদনে উক্ত বেহাত জমি সমূহ প্রতিষ্ঠানের দখলে এনে মন্ত্রণালয়কে অবহিতকরণের সুপারিশ করা হয়েছে এবং সেই সাথে প্রতিষ্ঠান প্রধানকে জমি বেহাত হওয়ার কারণ ব্যাখ্যা করার নির্দেশনাও দেয়া হয়েছে।

**কারিগরী ও মাদ্রাসা শিক্ষার প্রতিষ্ঠানসমূহের তথ্য:**

২০২৩-২৪ অর্থ বছরের লক্ষ্যমাত্রা মোতাবেক দ্বিতীয় কোয়ার্টারে পরিদর্শিত মোট ১৮৫টি প্রতিবেদনের মধ্যে ৮৪টি প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। এর মধ্যে কারিগরী প্রতিষ্ঠানসমূহের তদন্তসহ মোট ৩টি প্রতিবেদন এবং মাদ্রাসার মোট ৮১টি প্রতিবেদন।

**জাল সনদ ও আদায়যোগ্য অর্থ:**

কারিগরী ও মাদ্রাসার প্রেরিত প্রতিবেদনসমূহ পর্যালোচনায় মোট ৫টি জাল সনদ এবং আদায়যোগ্য অর্থের পরিমাণ ৮৪,২৪,২৩৫/- (চুরাশি লক্ষ চব্বিশ হাজার দুইশত পঁয়ত্রিশ টাকা মাত্র) টাকা। জাল সনদ, অতিরিক্ত অর্থ উত্তোলন, অবৈধ নিয়োগ, মিথ্যা তথ্য দিয়ে অর্থ উত্তোলন, স্কেলের অতিরিক্ত অর্থ উত্তোলন ইত্যাদি কারণে আদায়যোগ্য অর্থের পরিমাণ ৫,২১,০৭,২০৩/- (পাঁচ কোটি একুশ লক্ষ সাত হাজার দুইশত তিন টাকা) টাকা মাত্র। অতিরিক্ত

উত্তোলিত অর্থ আদায়যোগ্য হিসেবে বিবেচিত হওয়ায় সরকারের নির্দিষ্ট খাতে চালানের মাধ্যমে উক্ত অর্থ ফেরতের সুপারিসহ ক্ষেত্রবিশেষে নিয়োগ বাতিলের সুপারিশ করা হয়েছে। এছাড়া, অভিযুক্ত শিক্ষক/কর্মচারীর বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়েছে।

**জমি সংক্রান্ত তথ্য:**

৪টি বিভাগে ৮৪টি শিক্ষা প্রতিষ্ঠানে বেহাত হওয়া জমির পরিমাণ মোট ২৩.৯০ একর। এ সকল জমি প্রতিষ্ঠানের দখলে এনে মন্ত্রণালয়কে অবহিত করার সুপারিশসহ জমি বেহাত হওয়ার কারণ ব্যাখ্যা করার জন্য প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশনা দেয়া হয়েছে।

## সুপারিশসমূহ:

- ❖ সনাক্তকৃত জাল সনদসমূহ বাতিল ও অর্থ ফেরত;
- ❖ জাল সনদধারী শিক্ষক/কর্মচারীর নিয়োগ বাতিল;
- ❖ অধিক অর্থ উত্তোলনকারীর অর্থ ফেরত;
- ❖ তথ্য গোপন করে অর্থ গ্রহণকারীর অর্থ ফেরত;
- ❖ প্রতিষ্ঠানে বার্ষিক বাজেট পরিকল্পনা ও প্রণয়ন;
- ❖ ক্যাশবই ও বিল ভাউচার সংরক্ষণ;
- ❖ বিধি মোতাবেক সকল ধরণের আয় ও ব্যয় পরিচালনা;
- ❖ স্টক টেকিং ও ষ্টক রেজিস্ট্রার সংরক্ষণ;
- ❖ অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি গঠন;
- ❖ মহিলা কোটা পূরণ (নিয়োগের ক্ষেত্রে);
- ❖ ভবিষ্য তহবিল চালুকরণ;
- ❖ সঠিক পরিমাণ জমি প্রতিষ্ঠানের নামে খারিজকরণ ও নিয়মিত খাজনা পরিশোধ;
- ❖ প্রতিষ্ঠানে এবং প্রতিটি শ্রেণি/শাখায় কাম্য সংখ্যক শিক্ষার্থী/পরীক্ষার্থী সংখ্যা নিশ্চিতকরণ;
- ❖ বোর্ড পরীক্ষার ফলাফলের মান সন্তোষজনক/মানোন্নয়ন;
- ❖ প্রতিষ্ঠানে পাঠাগার চালুকরণ ও নিয়মিত পাঠাভ্যাস অব্যাহত রাখা; এবং
- ❖ শিক্ষক/শিক্ষার্থী জেন্ডার ভেদে সকলের ওয়াশরুমের ব্যবহার সুনিশ্চিতকরণ ও পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা।
- ❖ প্রতিষ্ঠানে নিয়মিত শিক্ষার্থী উপস্থিতি নিশ্চিতকরণ;
- ❖ সাধারণ ও সংরক্ষিত তহবিলে কাম্য পরিমাণ অর্থ সংরক্ষণ করণ।

# উপসংহার

২০২৩-২০২৪ অর্থবছরে দপ্তর কর্তৃক প্রেরিত ২৯৬টি সাধারণ, কারিগরী ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিবেদনে বিভিন্ন অনিয়ম পরিলক্ষিত হয়। প্রতিবেদনের অত্যন্ত গুরুত্বপূর্ণ পর্যবেক্ষণ প্রতিষ্ঠানের জমি বেহাত হওয়া। এ অর্থবছরে প্রেরিত প্রতিবেদনসমূহের মধ্যে মোট ৮৬.২৪ একর জমি বেহাত হয়েছে এবং প্রতিবেদনে জমি দখলে নেয়ার সুপারিশসহ জমি বেহাত হওয়ার কারণ দর্শানোর জন্য নির্দেশনা দেয়া হয়েছে। সুপারিশ মোতাবেক প্রতিষ্ঠানসমূহ জমি ফেরত পেলে প্রতিষ্ঠানের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন সম্ভব হবে।

এছাড়া, জাল সনদ সনাক্ত হয়েছে মোট ২১টি এবং এর বিপরীতে আদায়যোগ্য অর্থের পরিমাণ ৩,২৩,৯৩,৫০৩/- টাকা (তিন কোটি তেইশ লক্ষ তিরানব্বই হাজার পাঁচশত তিন টাকা মাত্র)। জাল সনদ, অবৈধ নিয়োগ, প্রাপ্য স্কেলের অতিরিক্ত বেতন ভাতা উত্তোলন, তথ্য গোপন করে অতিরিক্ত অর্থ উত্তোলন ইত্যাদি কারণে আদায়যোগ্য অর্থের পরিমাণ মোট ৪২,৯৮,২৭,৮৯০.৯৭ টাকা (বিয়াল্লিশ কোটি আটানব্বই লক্ষ সাতাশ হাজার আটশত নব্বই টাকা সাতনব্বই পয়সা মাত্র)। প্রতিবেদনে আদায়যোগ্য অর্থ সরকারি কোষাগারে চালানের মাধ্যমে জমা প্রদানের সুপারিশ করা হয় এবং অভিযুক্ত শিক্ষক/কর্মচারীর বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়। উক্ত সুপারিশ বাস্তবায়িত হলে ব্যক্তি/প্রতিষ্ঠানসমূহে দুর্নীতি এবং শুদ্ধাচার পরিচালিত পূর্বক সুশাসন প্রতিষ্ঠা সহজতর হবে।

উদীয়মান, প্রগতিশীল, গণতান্ত্রিক, উন্নয়নশীল রাষ্ট্র হিসেবে দেশের সার্বিক উন্নয়নে শিক্ষার গুরুত্ব যেমন অপরিসীম তেমনি ২০৪১ সালের শিল্প বিপ্লবের চ্যালেঞ্জসমূহ মোকাবেলা করে স্মার্ট দেশ গড়তে স্মার্ট শ্রেণিকক্ষ তথা স্মার্ট প্রতিষ্ঠানও অত্যাবশ্যক।

স্মার্ট প্রতিষ্ঠান গড়তে হলে সরকারের বিভিন্ন বিধি-বিধান, নিয়মনীতি মেনে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির মাধ্যমে সেবা সহজীকরণ, তথ্য অধিকার নিশ্চিতকরণ, অভিযোগ প্রতিকার ব্যবস্থা গ্রহণ, নতুন উদ্ভাবিত ধারণার সুষ্ঠু বাস্তবায়ন প্রয়োজন। সর্বোপরি, সুশাসন প্রতিষ্ঠায় নৈতিকতার সদ্ব্যবহার ও শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সকলের সক্রিয় অংশগ্রহণ এবং নিজ নিজ ভূমিকা পালন নিশ্চিতকরণ একান্ত আবশ্যক।

----------------

# সহায়ক গ্রন্থপুঞ্জী


- মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের আওতাধীন দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২০২৪ মন্ত্রী পরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
- Guideline on Monitoring of the NIS Work Plan Implementation, মন্ত্রিপরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
- এপিএ প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২০২২, মন্ত্রিপরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
- ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মূল্যায়ন নির্দেশিকা, মন্ত্রিপরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
- বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত নীতিমালা, মন্ত্রিপরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
- জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়
- এপিএ ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়
- ২০২৩-২৪ অর্থবছরের দ্বিতীয় ত্রৈমাসিকের ভ্রমণ আদেশ, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়
- ২০২৩-২৪ অর্থবছরের দ্বিতীয় ত্রৈমাসিকে প্রেরিত প্রতিবেদন সমূহের তালিকা, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়।


---